

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
<http://www.ds.gov.bd>

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.০৬.০০৮.২৩-১৫২৯

তারিখঃ ২৬ ডিসেম্বর ২০২৩খ্রি.

সংশোধিত সভার নোটিশ

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর [১.৫.১] “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক” এক সভা ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে পরিচালক মহোদয়ের কক্ষে ও জুম ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিতব্য অনিবার্য কারণবশত: আগামী ২৭/১২/২০২৩খ্রি. তারিখ বিকাল ০২:০০ ঘটিকা এর পরিবর্তে আগামী ২৮/১২/২০২৩খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জনাব আ.ন.ম তরিকুল ইসলাম, পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত/জুম প্লাটফর্মে সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ভার্চুয়াল সভায় অংশগ্রহণের জন্য Zoom Meeting Link, Meeting ID ও Password নিম্নে দেওয়া হলো;

Topic: “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক সভা”

Join Zoom Meeting

<https://us05web.zoom.us/j/88069922702?pwd=neh8bgR6BvwXgGT4b68Z65Ll3uphN0.1>

Meeting ID: 880 6992 2702

Passcode: 1212

এস. আই. এম ফেরদৌস আলম

উপপরিচালক (চ.দা.)

ফোন: ০২-২২৯৫৫৪২৮৮

ইমেইল: dd@ds.gov.bd

বিতরণ:

০১. অধ্যক্ষ, (সকল) সরকারি শারীরিক শিক্ষা কলেজ
০২. জেলা ক্রীড়া অফিসার (সকল).....।

অনুলিপি:

০১. চিফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সহকারী পরিচালক (প্রশাসন/সংগঠন), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
০৩. পরিচালকের একান্ত সহকারী (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
০৪. অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
<http://www.ds.gov.bd>

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.০৬.০০৮.২৩-১৫৩৪

তারিখঃ ২৮ ডিসেম্বর ২০২৩

ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪
“স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক” সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব আ.ন.ম তরিকুল ইসলাম
পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
সভার তারিখ ও সময় : ২৮/১২/২০২৩খ্রি. তারিখ, সকাল ১০.০০ ঘটিকা
স্থান : পরিচালক মহোদয়ের কক্ষ, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য


সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে চিফ ইনোভেশন অফিসার জনাব এস, আই, এম ফেরদৌউস আলম, উপপরিচালক, ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর [১.৫.১] “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক” ২০২৩-২৪ এর কার্যক্রম সভায় উপস্থাপন করেন। জনাব আল-আমিন, জেলা ক্রীড়া অফিসার, টাঙ্গাইল বলেন জেলা ক্রীড়া অফিসের কার্যক্রম ও সেবা ডিজিটাল পদ্ধতিতে শুরু করা হয়েছে এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আইসিটি ভিত্তিক কার্যক্রম শুরু করা হবে। জনাব মোঃ মমিনুল ইসলাম, অধ্যক্ষ, সরকারী শারীরিক শিক্ষা কলেজ, ময়মনসিংহ বলেন ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ময়মনসিংহ এর ওয়েব সাইট তৈরী করা হয়েছে এবং খুব শীঘ্রই বিভিন্ন সেবাসমূহের তথ্য হালনাগাদ করা হবে।

এ পর্যায়ে সভাপতি আ.ন.ম তরিকুল ইসলাম, পরিচালক (যুগ্ম সচিব) ক্রীড়া পরিদপ্তর বলেন, ডিজিটাল বাংলাদেশের পর স্মার্ট বাংলাদেশের পরিকল্পনা এই শতাব্দীর সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং দূরদৃষ্টিসম্পন্ন সিদ্ধান্ত। সরকার স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার জন্য ৪টি ভিত্তি সফলভাবে বাস্তবায়নে কাজ করে যাচ্ছে। এগুলো হলো-স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্নমেন্ট ও স্মার্ট সোসাইটি। তিনি বলেন, স্মার্ট বাংলাদেশে সব কাজ সম্পাদন করা হবে প্রযুক্তির মাধ্যমে, যেখানে প্রত্যেক নাগরিক প্রযুক্তি ব্যবহারে হবে দক্ষ। এর মাধ্যমে পরিচালিত হবে সার্বিক অর্থনৈতিক কার্যক্রম-যার চূড়ান্ত লক্ষ্য ক্যাশলেস সোসাইটি। স্মার্ট বাংলাদেশের কার্যক্রমের বড় কাজ হচ্ছে পেপারলেস কার্যক্রম। সরকারি দপ্তরে কাগজের ব্যবহার জিরো পর্যায়ে নামিয়ে আনতে হবে। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

- ০১। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ক্রীড়া পরিদপ্তর ও আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইটে সঠিক তথ্য আপলোডসহ নিয়মিত হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ০২। তথ্য ও প্রযুক্তির বহুমাত্রিক ব্যবহারের মাধ্যমে সেবা প্রদান করা সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আ,ন,ম তরিকুল ইসলাম
পরিচালক (যুগ্মসচিব)
ফোন : ২২৩৩৫৫৭৯
ইমেইল: director@ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.০৬.০০৮.২৩-১৫৩৪

তারিখঃ ২৮ ডিসেম্বর ২০২৩

বিতরণ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

০১. চিফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. অধ্যক্ষ, (সকল) সরকারি শারীরিক শিক্ষা কলেজ
০৩. সহকারী পরিচালক (প্রশাসন/সংগঠন), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
০৪. জেলা ক্রীড়া অফিসার (সকল).....।
০৫. পরিচালকের একান্ত সহকারী (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
০৬. অফিস নথি।


এস. আই. এম ফেরদৌস আলম
উপপরিচালক (চ.দা.)
ফোন: ০২-২২৯৫৫৪২৮৮
ইমেইল: dd@ds.gov.bd